

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৭. ২. ৪. গণহত্যার পুনরাদেশ

বাইবেলের বর্ণনায় যারা ৪০ বছরের জন্য মোশিকে আশ্রয় দিয়েছিলেন এবং তাঁকে তাদের কন্যা বিবাহ দিয়েছিলেন তাদেরকে নির্মমভাবে নির্মূল করাই ছিল তাঁর জীবনের শেষ দায়িত্ব: "মাবুদ মূসাকে বললেন, 'তুমি বনি-ইসরাইলদের পক্ষ থেকে মাদিয়ানীয়দের অন্যায়ের জন্য তাদের পাওনা শান্তি দাও। তারপর তোমাকে তোমার পূর্বপুরুষদের কাছে চলে যেতে হবে। তখন মূসা বনি-ইসরাইলদের বললেন, 'মাদিয়ানীয়দের বিরুদ্ধে যুদ্ধ করবার জন্য তোমাদের মধ্য থেকে কিছু লোককে যুদ্ধের সাজে সাজিয়ে নাও, যাতে তারা মাবুদের হয়ে মাদিয়ানীয়দের পাওনা শান্তি দিতে পারে। বনি-ইসরাইলদের প্রত্যেক গোষ্ঠী থেকে এক হাজার করে লোক নিয়ে যুদ্ধে পাঠিয়ে দাও।" (শুমারী ৩১/১-৪)

এ ছিল কিছু বনি-ইসরাইলকে বিপথগামী করার কারণে সকল মাদিয়ানীয়কে শাস্তি দেওয়ার ঐশ্বরিক নির্দেশ ও মূসার দিক নির্দেশনা। এ থেকে আমরা সহজেই বুঝতে পারছি যে, মাদিয়ানীয়রা খুবই নিরীহ বা দুর্বল ছিলেন। কারণ বনি- ইসরাইলের ছয় লক্ষ যোদ্ধা সৈনিকের মধ্য থেকে মাত্র বার হাজার সৈন্য তাদের হত্যার জন্য পাঠানো হল। বাইবেল বলেছে যে, মাদিয়ানীয়দের সকলকে হত্যা করা হলেও বনি-ইসরাইলের একজন সৈন্যও মারা যায় নি (শুমারী ৩১/৪৮-৪৯)। আমরা দেখব যে, এ আক্রমনে কয়েক লক্ষ মাদিয়ানীয়কে হত্যা করা হয়। কিন্তু একজন ইসরাইলীয়ও মরেনি। এতে নিশ্চিত হওয়া যায় যে, মাদিয়ানীয়রা শান্তিপ্রিয় অযোদ্ধা মানুষ ছিলেন। বনি-ইসরাইল কোনো উস্কানি ছাড়াই তাদের গণহত্যা করে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14604

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন